

# 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৬২৩

পর্ব - ৪ঃ যাকাত (১৫১ ياب الزكاة)

পরিচ্ছেদঃ ব্যবসা সামগ্রীর যাকাত

### আরবী

وَعَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ \_ رضي الله عنه \_ قَالَ: كَانَ رَسُولُ اللّهِ \_ صلى الله عليه وعَنْ سَمُرَةَ بْنِ جُنْدُبٍ \_ رضي الله عنه \_ قَالَ: كَانَ رَسُولُ اللّهِ \_ صلى الله عليه وسلم \_ يَأْمُرُنَا; أَنْ نُخْرِجَ الصَّدَقَةَ مِنَ الّذِي نَعُدُّهُ لِلْبَيْعِ. رَوَاهُ أَبُو دَاوُدَ, وَإِسْنَادُهُ لَيِّنٌ

ضعيف. رواه أبو داود (1562) بسند فيه ثلاثة مجاهيل، ولذلك كان قول الحافظ في «التلخيص» (2/ 179): «في إسناده جهالة» أدق من قوله هنا. وقال الذهبي: هذا إسناد مظلم لا ينهض بحكم

#### বাংলা

৬২৩. সামুরাহ বিন জুনদূব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নির্দেশ দিতেন ঐসকল সম্পদ হতে সাদাকা বের করতে যেগুলো আমরা বিক্রয়ের জন্য প্রস্তুত করতাম। -এর সানাদে সামান্য দুর্বলতা রয়েছে।[1]

## **English**

Samurah bin Jundub (RAA) narrated that The Messenger of Allah (ﷺ) used to command us to pay Zakah from (the goods) we had prepared for sale. Related by Abu Dawud with a weak chain of narrators.

### ফুটনোট

[1] আবূ দাউদ হাঃ ১৫৬২। ইমাম সনআনী সুবুলুস সালাম (২/২/১৪) গ্রন্থে বলেন, এর সানাদে সুলায়মান বিন



সামরাহ নামক মাজহুল রাবী রয়েছে। ইমাম শাওকানী আস-সাইলুল জাররার (২/২৭) গ্রন্থে বলেন, এর সানাদে একাধিক মাজহুল রাবী রয়েছে। ইবনুল কান্তান আল ওয়াহম ওয়াল ইহাম (৫/১৩৯) গ্রন্থে বলেন, এর সানাদের রাবী খুবাইব বিন সুলাইমান বিন সামরাহ ও তার পিতাকে তার সমসাময়িক কেউ চিনতেন না। ইমাম যাহাবী মিযানুল ইতিদাল (১/৪০৭) গ্রন্থে বলেন, হাদীসটি অস্পষ্ট। ইমাম যাহাবী তানকীহুত তাহকীক (১/৩৪৬) গ্রন্থে এর সানাদকে লীন উল্লেখ করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন